# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**19-04-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) তৃণমূল কংগ্রেস, ডিএমকে-র মত দলগুলির সক্রিয় মদতে নারী শক্তি বন্দন সংক্রান্ত সংশোধনী বিলটি সংসদে পাশ করানো যায়নি বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। তিনি একে ভারতের নারী শক্তির মর্যাদা ও আত্মসম্মানের ওপর আঘাত বলেও বর্ণনা করেছেন।

২) খসড়া তালিকা প্রকাশের পর থেকে মনোনয়ন জমার শেষ দিন পর্যন্ত ভোটার তালিকায় প্রায় ৫ লক্ষ নতুন নাম যুক্ত হয়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

৩) রাজ্যে বিধানসভা নির্বাচনের জন্য জমে উঠেছে প্রচারাভিযান। বিজেপির অন্যতম বরিষ্ঠ নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজ্যে চারটি জনসভা করবেন। একাধিক জনসভার কথা তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীরও। প্রচারে জোর বাম ও কংগ্রেসের।

৪) আজ অক্ষয় তৃতীয়া। বিভিন্ন দোকান ও ব্যাবসায়িক প্রতিষ্ঠানে আয়োজন করা হয়েছে হালখাতা অনুষ্ঠানের।

৫) উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই টানা বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত।

৬) ইডেনে আইপিএল ক্রিকেটের ম্যাচে আজ কলকাতা নাইট রাইডার্স, রাজস্থান রয়্যালসের মুখোমুখি হবে।

---

তৃণমূল কংগ্রেস, DMK –র মতো দলগুলির সক্রিয় মদতে **নারী শক্তি বন্দন সংক্রান্ত সংশোধনী বিলটি** সংসদে পাস করানো সম্ভব হয়নি বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন। গত রাতে জাতির উদ্দেশে ভাষণে শ্রী মোদী দুঃখপ্রকাশ করে বলেন, কয়েকটি দলের কাছে দলীয় স্বার্থ দেশের স্বার্থের চেয়ে বড় হয়ে উঠলে, নারী ক্ষমতায়ন ও জাতীয় স্বার্থকে তার মূল্য চোকাতে হয় । প্রধানমন্ত্রী বলেন, সংসদে যখন বিলটি পরাজিত হলো, তখন এই দলগুলোর উল্লাস এবং টেবিল চাপড়ানোর দৃশ্য অত্যন্ত বেদনাদায়ক। তিনি একে ভারতের নারী শক্তির মর্যাদা ও আত্মসম্মানের ওপর আঘাত বলে বর্ণনা করেন।

বাইট

প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, এই সংশোধনীর লক্ষ্য ছিল উত্তর, দক্ষিণ, পূর্ব ও পশ্চিম- দেশের প্রতিটি প্রান্তের ভারসাম্যপূর্ণ ক্ষমতায়ন নিশ্চিত করা এবং সংসদে প্রতিটি রাজ্যের প্রতিনিধিত্ব বৃদ্ধি করা। প্রধানমন্ত্রীর অভিযোগ, কংগ্রেস ও তাদের সহযোগীরা এই আন্তরিক প্রচেষ্টাকে স্তব্ধ করে দিয়েছে।

বাইট

তিনি হুঁশিয়ারি দিয়ে বলেন, যারা এই বিলের বিরোধিতা করেছে, তারা আসলে নারী শক্তিকে অবজ্ঞা করেছে। এই ‘পাপের’ জন্য তাদের ভবিষ্যতে শাস্তি ভোগ করতে হবে। সরকারের কাছে দেশের স্বার্থই সর্বোপরি বলে প্রধানমন্ত্রী ফের উল্লেখ করেছেন।

--------------------

এদিকে নারী অধিকার বিল নিয়ে বিজেপির-র সদিচ্ছার অভাব ছিল বলে তৃণমূল কংগ্রেস দাবি করেছে। গতরাতে প্রধানমন্ত্রীর ভাষণের আগেই সমাজমাধ্যমে এক পোস্টে সংসদে বিজেপির মহিলা সাংসদের উপস্থিতির হার নিয়ে প্রশ্ন তোলা হয়। তৃণমূল কংগ্রেস দাবি করে, মহিলা সংরক্ষণই যদি বিজেপি নেতৃত্বাধীন এনডিএ সরকারের আসল উদ্দেশ্য হত, তবে তারা ৩৩ শতাংশে থেমে থাকত না, তা বাড়িয়ে ৫০ শতাংশ করত।

--------------------

বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে নতুন ভোটার বৃদ্ধির পরিসংখ্যান প্রকাশ করেছে নির্বাচন কমিশন। খসড়া তালিকা প্রকাশের পর থেকে মনোনয়ন জমার শেষ দিন পর্যন্ত প্রায় ৫ লক্ষ নতুন ভোটারের নাম যুক্ত হয়েছে তালিকায়। কমিশন সূত্রে জানা গিয়েছে, ফর্ম-সিক্স জমা দিয়ে মোট প্রায় ৭ লক্ষ আবেদন জমা পড়েছিল। তার মধ্যে যাচাই-বাছাইয়ের পর, এই নতুন ভোটারদের নাম চূড়ান্ত তালিকায় যুক্ত হয়েছে। ২৮শে ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিনই ১ লক্ষ ৮৮ হাজার ২০৭ জন নতুন ভোটার যুক্ত হয়েছিলেন। তার পরবর্তী এক মাসে আরও প্রায় ৫ লক্ষ নতুন নাম যোগ হয়েছে বলে জানিয়েছে কমিশন। জেলা ভিত্তিক পরিসংখ্যানে দেখা যাচ্ছে, উত্তর ২৪ পরগনা, হাওড়া, হুগলি, কলকাতা এবং পূর্ব মেদিনীপুরে সবচেয়ে বেশি নতুন ভোটার যুক্ত হয়েছেন। উত্তর ২৪ পরগনায় ৭১ হাজারের বেশি এবং কলকাতায় প্রায় ৪৪ হাজার নতুন নাম উঠেছে ভোটার তালিকায়।

বর্তমানে রাজ্যে মোট ভোটারের সংখ্যা দাঁড়িয়েছে ৬ কোটি ৮২ লক্ষ ৫১ হাজার ৮। কমিশনের দেওয়া বিধানসভা কেন্দ্র ভিত্তিক তথ্য অনুযায়ী, এই সংখ্যায় পুরুষ ভোটার ৩ কোটি ৪৯ লক্ষের বেশি, মহিলা ভোটার ৩ কোটি ৩৩ লক্ষের কিছু বেশি এবং তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ১,২৫৭ জন। কমিশন সূত্রে খবর, ট্রাইবুনালের বিচারাধীন মামলাগুলির নিষ্পত্তির পর এই সংখ্যা আরও কিছুটা বাড়তে পারে।

--------------------

আসন্ন নির্বাচনে স্বচ্ছতা বজায় রাখতে, কঠোর ব্যবস্থা গ্রহণ করেছে নির্বাচন কমিশন। বুথের নিরাপত্তায় চারপাশে তৈরি করা হচ্ছে ‘লক্ষ্মণরেখা’। সাদা চক দিয়ে বুথকে ঘিরে ১০০ মিটার এলাকা চিহ্নিত করা হবে। এই নির্দিষ্ট সীমার মধ্যে শুধুমাত্র ভোটারদেরই প্রবেশের অনুমতি থাকবে। একজন ভোটারের জন্য বহুস্তরীয় যাচাইয়েরও পরিকল্পনা রয়েছে। লক্ষ্মণগণ্ডির বাইরে থাকবেন বিএলও ও এক জন সরকারি আধিকারিক, যাঁরা প্রথমে নথি যাচাই করবেন। এরপর নির্দিষ্ট সীমানার ভিতরে আরও দু’টি ধাপে ভোটারদের পরিচয়পত্র পরীক্ষা করা হবে।

ভোটের আগে নজরদারিতেও আরো বেশি করে প্রযুক্তির ব্যবহারের সিদ্ধান্ত নিয়েছে কমিশন। মাইক্রো অবজার্ভারদের সঙ্গে থাকবে বডি ক্যামেরা। পাশাপাশি প্রতিটি মুহূর্তের গতিবিধি রেকর্ড করার জন্য কেন্দ্রীয় বাহিনী এবং রাজ্য পুলিশের সদস্যদের সঙ্গেও এই ক্যামেরা রাখা হবে। এছাড়া, সংশ্লিষ্ট বিধানসভা এলাকার সমস্ত সরকারি সিসিটিভি ক্যামেরার নিয়ন্ত্রণও নিজেদের হাতে নিচ্ছে কমিশন।

--------------------

বিধানসভা নির্বাচনের আগে ইভিএম ও ভিভিপ্যাট বণ্টনে স্বচ্ছতা নিশ্চিত করতে, দ্বিতীয় দফার র‍্যান্ডমাইজেশন সম্পূর্ণ করেছে নির্বাচন কমিশন। রাজ্যের প্রায় সব জেলাতেই নির্দিষ্ট সূচি মেনে, এই প্রক্রিয়া শেষ হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের তরফে জানানো হয়েছে।

নির্বাচন কমিশনের ইভিএম ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে, রিটার্নিং অফিসাররা বুথভিত্তিক ইভিএম ও ভিভিপ্যাট বণ্টন করেছেন। এই প্রক্রিয়া সম্পূর্ণ র‍্যান্ডম পদ্ধতিতে করা হয়েছে, যাতে কোনও রকম পক্ষপাত বা প্রভাবের অভিযোগ না ওঠে। কমিশন

সূত্রে  খবর, আলিপুরদুয়ার, বাঁকুড়া, বীরভূম, কোচবিহার, জলপাইগুড়ি, মালদহ, মুর্শিদাবাদ-সহ একাধিক জেলায় ১০ই এপ্রিল এই র‍্যান্ডমাইজেশন সম্পন্ন হয়েছে। কলকাতা, হাওড়া, হুগলি, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা-সহ কয়েকটি জেলায় তা হয়েছে ১৪ এপ্রিল। নদিয়ায় প্রক্রিয়া শেষ হয়েছে ১৫ এপ্রিল। বুথভিত্তিক ইভিএম ও ভিভিপ্যাটের তালিকা এবং সংরক্ষিত মেশিনের তালিকাও সমস্ত প্রার্থীদের হাতে তুলে দেওয়া হয়েছে। কমিশন জানিয়েছে, এই র‍্যান্ডমাইজেশনের পর, যে ইভিএম ও ভিভিপ্যাট নির্দিষ্ট বুথের জন্য বরাদ্দ করা হয়েছে, ভোটের দিন শুধুমাত্র সেই মেশিনই ব্যবহার করা হবে।

--------------------

তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ পূর্ব বর্ধমানের মন্তেশ্বর, কালনা ও হুগলীর তারকেশ্বেরে তিনটি জনসভায় ভাষণ দেবেন। পরে তিনি বর্ধমানে দলীয় প্রার্থীদের সমর্থনে রোড শো করবেন। রাতে মুখ্যমন্ত্রী কলকাতায় ফিরে নিজের কেন্দ্র ভবানীপুরে বিভিন্ন সম্প্রদায়ের বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে অভ্যন্তরীন বৈঠক করবেন।

--------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনের জন্য জমে উঠেছে প্রচার।

বরিষ্ঠ বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দলীয় প্রার্থীদের হয়ে প্রচারে গতরাতে রাজ্যে এসেছেন। আজ তিনি বাঁকুড়ার বড়জোড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম এবং মেদিনীপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করবেন।

অন্যদিকে বিজেপি নেতা কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা, কোচবিহারের শীতলকুচিতে জনসভা করবেন। দুপুরে জলপাইগুড়িতে একটি রোড শোতেও অংশ নেবেন তিনি।

অপর বিজেপি নেতা, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, বিধানসভা নির্বাচনের প্রচারে গতকাল রাজ্যে এসেছেন।

এদিকে বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন আজ দুপুরে বালুরঘাটে দলীয় প্রার্থীদের সমর্থনে রোডশো এবং পরে মালদায় জনসভা করবেন।

গতকাল উত্তরবঙ্গে জনসভা করেন **বিজেপি** নেতা, অসমের মুখ্যমন্ত্রী **হিমন্ত বিশ্ব শর্মা**। কালিম্পং-এর গরুবাথান, কোচবিহারের দিনহাটা ও সিতাই-এ তিনি দলীয়প্রার্থীদের সমর্থনে প্রচার করেন। চা-বাগানের শ্রমিকদের সঙ্গে তৃণমূল কংগ্রেস সরকার বঞ্চনা করেছে বলেও তিনি মন্তব্য করেন।

উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ গতকাল জলপাইগুড়ির ধূপগুড়ি এবং কোচবিহারে সভা করেন। তিনি বলেন, তৃণমূল কংগ্রেস রাজ্যে হুমকি-সন্ত্রাসের রাজনীতি করছে।

তৃণমূল কংগ্রেস প্রধান **মুখ্যমন্ত্রী মমতা** ব্যানার্জি গতকাল হাওড়ার উলুবেড়িয়া, দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর, ভাঙ্গড় ও সোনারপুরে জনসভায় বক্তব্য রাখেন। বারুইপুর রাসমেলার মাঠে সভা থেকে বিজেপি-র তীব্র সমালোচনা করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, বিজেপির পতন শুরু হয়ে গেছে।

এছাড়া, হাওড়ার উত্তর ও মধ্য কেন্দ্রের প্রার্থীর সমর্থনে এক পদযাত্রাতেও অংশ নেন তিনি।

এদিকে, তেলেঙ্গানার মন্ত্রী, প্রাক্তন ক্রিকেট অধিনায়ক **মহম্মদ আজারউদ্দিন** মুর্শিদাবাদের বহরমপুর, বেলডাঙ্গা, রাণীনগর, ভরতপুর ও মালদার সুজাপুরে কংগ্রেস প্রার্থীদের হয়ে রোড শো ও প্রচার কর্মসূচীতে অংশ নেন। আজ শ্রীরামপুরে প্রদেশ কংগ্রেস সভাপতির সমর্থনে বেশ কয়েকটি জনসভায় বক্তব্য রাখবেন তিনি।

CPIM রাজ্য সম্পাদক **মহম্মদ সেলিম** মালদায় এবং বিকাশরঞ্জন ভট্টাচার্য সহ দলের অন্য নেতা কর্মীরা বিভিন্ন জায়গায় পথসভা ও মিটিং মিছিলে সামিল হন। আজ দমদম বিধানসভা কেন্দ্রে দলের তরফে মহামিছিলের আয়োজন করা হয়েছে।

--------------------

বিধানসভা নির্বাচনের আগে তৃণমূল কংগ্রেসের পুরুলিয়া জেলা সাধারণ সম্পাদক হলধর মাহাতো আজ বিজেপি-তে যোগ দিয়েছেন। তার হাতে দলীয় পতাকা তুলে দেন পুরুলিয়ার সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো।

তৃণমূল কংগ্রেস ছেড়ে গতকাল বিজেপিতে যোগ দিয়েছেন পশ্চিম বর্ধমানের দুর্গাপুর পশ্চিমের প্রাক্তন বিধায়ক বিশ্বনাথ পারিয়াল। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার তাঁর হাতে দলীয় পাতাকা তুলে দেন।

-------------------

অর্থপাচার মামলার তদন্তে ইডি আজ সকাল থেকে কলকাতার একাধিক জায়গায় তল্লাশি চালাচ্ছে। কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার শান্তনু সিনহা বিশ্বাসের বালিগঞ্জের ফ্ল্যাট এবং বেহালায় একটি সংস্থার ম্যানেডিং ডিরেক্টার জয় কামদারের বাড়িতে তল্লাশি চলছে। শান্তনু সিনহা বিশ্বাস দীর্ঘদিন কালিঘাট থানার দায়িত্বে ছিলেন।

অন্যদিকে, জয় কামদার পলাতক দুষ্কৃতী সোনা পাপ্পুর ঘনিষ্ঠ বলে জানা গেছে।

-------------------

আজ অক্ষয় তৃতীয়া। এই শুভ দিনে সিদ্ধিদাতা গণেশ ও ধন-সম্পদের দেবী মা লক্ষ্মীর পুজো করে থাকেন ব্যবসার সঙ্গে যুক্ত মানুষজন। দিনটি সমৃদ্ধি ,সৌভাগ্যের দিন, হিসেবে গন্য হয়। এই দিনে বাংলা নববর্ষের মত হালখাতা অনুষ্ঠানের আয়োজন করা হয় বিভিন্ন দোকানে ,ব্যবসা প্রতিষ্ঠানে। অক্ষয় তৃতীয়ার শুভদিনে ব্যবসায়ীরা কালীঘাট মায়ের মন্দির, দক্ষিণেশ্বর ভবতারিনী মায়ের মন্দিরসহ বিভিন্ন দেবদেবীর

মন্দিরে পুজো দিয়ে থাকেন। এদিন গঙ্গায় পূণ্য স্নান করেন অনেক ভক্ত। পঞ্জিকা অনুসারে বৈশাখ মাসের শুক্লপক্ষের তৃতীয়া তে পালিত হয় অক্ষয় তৃতীয়া।

-------------------

উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই গতকাল দুপুরের পর থেকে দফায় দফায় বৃষ্টিতে জনজীবন বিপর্যস্ত। বহু নদীর জল স্তর বৃদ্ধি পেয়েছে বলে খবর। আজও উত্তরবঙ্গের দার্জিলিং জলপাইগুড়ি কালিম্পং আলিপুরদুয়ার কোচবিহার জেলায় ঝড়ো হাওয়া ও বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে। দক্ষিণবঙ্গে অবশ্য আগামী পাঁচ দিন উষ্ণ ও অস্বস্তিকর  আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

-------------------

মেঘভাঙা বৃষ্টির জেরে হড়পা বানের কারণে দুধিয়া সেতুর ক্ষতি হওয়ায় দার্জিলিঙের সঙ্গে সমতলের যোগাযোগ ব্যবস্থায় বিঘ্ন ঘটেছে। গতকাল বিকেল থেকেই বৃষ্টি শুরু হয়েছে পাহাড়ে। বৃষ্টি হচ্ছে সমতলেও। অতিরিক্ত বৃষ্টির কারণে পাহাড়ের একাধিক নদীর জলস্তর বাড়তে শুরু করে। বালাসন-সহ তিস্তার জল সন্ধ্যার পর থেকেই বাড়ে।

জলের স্তর বেড়ে যাওয়ায় ক্ষতিগ্রস্ত হয়েছে দুধিয়ার নবনির্মিত হিমপাইপের সেতু। ফলে সেতু দিয়ে মিরিক হয়ে দার্জিলিঙে যাওয়ার রাস্তা আপাতত বন্ধ।

-------------------

ইডেনে আইপিএল ক্রিকেট ম্যাচে আজ কলকাতা নাইট রাইডার্স, রাজস্থান রয়্যালস এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে দুপুর সাড়ে তিনটেয়। এখনও পর্যন্ত প্রতিযোগিতায় জয় পায়নি নাইড রাইডার্স।

------------------ -------------------